# রাণীনগর উপজেলা পরিষদের মার্চ ২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্য বিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ আব্দুর রউফ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাণীনগর, নওগাঁ
সভার তারিখ ঃ ২৯/০৩/২০২২ খ্রিঃ
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ
সময় ঃ বেলা ১১-০০ ঘটিকা

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট–ক
অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট–খ

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সামাজিক দূরত্ব বজায় রেখে অত্যন্ত সতর্ককতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের জন্য সবাইকে অনুরোধ জানান এবং অতঃপর সভাপতি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, রাণীনগরকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার আলোচ্য সূচি অনুসারে গৃহীত বিষয়সমূহ আলোচনা করেন এবং সে অনুযায়ী সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

## ক) বিগত সভার কার্যবিবরণী অনুমোদনঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার, রাণীনগর সভায় গত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী অদ্যকার সভায় পাঠ করে শোনান, পাঠশেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, গত সভার কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা পরিষদ রাণীনগর, নওগাঁ |

## খ) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার সভায় গত সভার যে সমস্ত গৃহীত সিদ্ধান্ত হয়েছিল সে সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায় যে, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান প্রক্রিয়া ও সন্তোষজনক রয়েছে। | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সংশ্লিষ্ট) রাণীনগর, নওগাঁ |

## গ) বিভাগীয় কার্যক্রম বিষয়ে আলোচনাঃ

উপজেলা নির্বাহী অফিসার, রাণীনগর সকল বিভাগীয় প্রধানকে নিজ বিভাগের কার্যক্রম অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করার অনুরোধ করেন।

### ০১। উপজেলা স্বাস্থ্য বিভাগঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, রাণীনগর সভায় বলেন যে, উপজেলায় এখন পর্যন্ত ২১৯০ জন লোকের নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য প্রেরণ করা হয়েছে। তারমধ্যে ২১৯০ জনেরই ফলাফল পাওয়া গেছে, যার ৫০০ টি নমুনার ফলাফল পজেটিভ। তন্মধ্যে সুস্থ রোগীর সংখ্যা ৪৯১ জন এবং মৃত রোগীর সংখ্যা ০৯ জন। বর্তমানে অত্র উপজেলায় পজিটিভ কোন রোগী নাই। তিনি জানান যে, ফেব্রুয়ারি ২০২২ মাসে হাসপাতাল বহিঃ বিভাগে ৬৫৫৪ জন, জরুরি বিভাগে ১১১২ জন, আন্তঃ বিভাগে ২৯৬ জন, ডেলিভারীর সংখ্যা ১৬ জন রোগীর চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। তিনি জানান যে, এ উপজেলায় মোট ২৩ টি কমিউনিটি ক্লিনিক চালু আছে। ২৩টি কমিউনিটি ক্লিনিকেই স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম চালু আছে। | উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম জোরগতিতে পরিচালনার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, রাণীনগরকে অনুরোধ জানানো হলো। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পরিকল্পনা অফিসার |

### ০২। কৃষি বিভাগঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা কৃষি অফিসার, রাণীনগর সভায় জানান যে, রাণীনগর উপজেলায় চলতি ইরি-বোরো মৌসুমের ধান কাটা শুরু হয়েছে। বর্তমানে বিঘাপতি কৃষকরা জিরাশাইল ধানের ২৫-২৭ মন হারে ফলন পাচ্ছে। তবে এবারে ধানে পোকা ও রোগের আক্রমণ কম এবং আবহাওয়া অনুকূলে থাকায় কৃষকরা ফলন অনেক বেশি পাবেন। ভাল ফলন পাওয়ায় অনেকটাই খুশি কৃষকরা। | কৃষি বিভাগের কার্যক্রম জোরদারকরণসহ করোনা পরিস্থিতিতে কৃষি পণ্য বাজারজাতকরণ, খাদ্য নিরাপত্তা ও প্রতি ইঞ্চি জমি ব্যবহারে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসার, রাণীনগরকে অনুরোধ জানানো হলো। | উপজেলা কৃষি অফিসার, রাণীনগর |

চলমান পাতা নং-০২

**০৩। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাণীনগর সভায় জানান যে, মার্চ ২০২২ মাসের অগ্রগতি ও অন্তরায় সম্পর্কীত প্রতিবেদন তুলে ধরে বলেন, মার্চ ২০২২ মাসে গবাদী পশুর ১৮২০টি ও হাঁস মুরগীর ১২২৫৭ টির চিকিৎসা সেবা দেয়া হয়েছে। ৯২৮ টি কৃত্রিম প্রজনন দেয়া হয়েছে। টিকাবীজ বিক্রয় বাবদ ১৭৭৬০/-টাকা, কৃত্রিম প্রজনন বিক্রয় বাবদ ২৭৮৪০/-টাকা রাজস্ব আদায় হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা প্রাণিসম্পদ ও ভেটেরিনারী হাসপাতালের কার্যক্রম আরও জোরগতিতে পরিচালনার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, রাণীনগরকে অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, রাণীনগর |

**০৪। উপজেলা মৎস্য বিভাগ:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রাণীনগর সভায় জানান যে, মাঠ পর্যায়ে মৎস্য চাষীদের পুকুর পরিদর্শন, পানি পরীক্ষা ও পরামর্শ প্রদান স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | মৎস্য বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা মৎস্য অফিসার, রাণীনগরকে অনুরোধ জানানো হলো। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রাণীনগর |

**০৫। উপজেলা প্রকৌশল বিভাগ:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা প্রকৌশলী, রাণীনগর সভায় জানান যে, চলতি ২০২১-২২ অর্থ বছরে এডিপি'র ০৪(চার) কিস্তির প্রাপ্ত বরাদ্দ ৮৬ লক্ষ টাকার ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের ৬৫ লক্ষ টাকার বরাদ্দ ধরে উপজেলা প্রকল্প বাছাই কমিটির গত ২৪/০২/২০২২ খ্রিঃ তারিখের সভায় প্রকল্প গ্রহণ করা হয়েছে। তিনি বাছাই কমিটি কর্তৃক গৃহীত প্রকল্পসমূহ টেন্ডার প্রক্রীয়া বাস্তবায়নের কাজ শুরু করেছেন বলে সভায় জানান। | সভায় বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে ও যথাসময়ে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, রাণীনগর, নওগাঁকে অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রকৌশলী, রাণীনগর |

**০৬। মাধ্যমিক শিক্ষা বিভাগ:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাণীনগর সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। নিজ বিভাগের কায়ক্রম পরিচালনায় কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ আগামী সভায় নিজ বিভাগের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাণীনগর, নওগাঁকে অনুরোধ জানানো হলো। | উপজেলা মাধ্যঃ শিক্ষা অফিসার |

**০৭। শিক্ষা বিভাগ (প্রাথমিক):**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা শিক্ষা অফিসার, রাণীনগর সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। নিজ বিভাগের কায়ক্রম পরিচালনায় কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ আগামী সভায় নিজ বিভাগের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য উপজেলা শিক্ষা অফিসার, রাণীনগর, নওগাঁকে অনুরোধ জানানো হলো। | উপজেলা শিক্ষা অফিসার, রাণীনগর |

**০৮। সমাজসেবা বিভাগ:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা সমবায় অফিসার, রাণীনগর সভায় জানান যে, বয়স্ক, বিধবা, স্বামী পরিত্যাক্তা ও প্রতিবন্ধী ভাতার নতুন করে বরাদ্দ চেয়ে চাহিদাপত্র প্রেরণ করা প্রয়োজন। সেজন্য তিনি সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তালিকা প্রেরণ করার জন্য অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজ সেবা অফিসার, রাণীনগর, নওগাঁকে অনুরোধ জানানো হলো। | উপজেলা সমাজসেবা অফিসার, রাণীনগর |

**০৯। উপজেলা সমবায় বিভাগ:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা সমবায় অফিসার, রাণীনগর সভায় জানান যে তার বিভাগের কায়ক্রম স্বাভাবিক ভাবেই চলছে। নিজ বিভাগের কার্যক্রম পরিচালনায় কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ আগামী সভায় নিজ বিভাগের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য উপজেলা সমবায় অফিসার, রাণীনগরকে অনুরোধ জানানো হলো। | উপজেলা সমবায় অফিসার, রাণীনগর |

**১০। পরিবার পরিকল্পনা বিভাগ:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনাকালে উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় ফেব্রুয়ারি ২০২২ মাসের কাজের অগ্রগতি বর্ণনা করেন। পুরুষ স্থায়ী পদ্ধতি ০১ টি, মহিলা স্থায়ী পদ্ধতি ০০ টি, ইমপ্লান্ট ২৫ টি জেডেল ০০টি এবং আই ইউ ডি ০৬ টি সম্পাদিত হয়েছে। মোট সক্ষম দম্পত্তি সংখ্যা ৪৩,৩৪১ জন এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারকারীর সংখ্যা ৩৩,৭৭১ জন। পদ্ধতি ব্যবহারকারীর হার ৭৭.৯২%। যা গত মাসের তুলনায় জানুয়ারি ২০২২ মাসে ব্যবহারকারীর হার ০.২১% হ্রাস পেয়েছে। আগামীতে পরিবার পরিকল্পনা কাজের অগ্রগতি আরও বাড়ানো হবে বলে সভায় উল্লেখ করেন। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | নিজ বিভাগের কার্যক্রম আরো জোরগতিতে পরিচালনাসহ উপজেলায় পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারকারীর হার আরও বেশি করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাণীনগরকে অনুরোধ জানানো হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাণীনগর |

চলমান পাতা নং-০৩

**১১। প্রকল্প বাস্তবায়ন বিভাগ:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, রাণীনগর সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবেই চলছে। নিজ বিভাগের কার্যক্রম পরিচালনায় কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ ২০২১-২২ অর্থবছরে টিআর, কাবিখা, ও কাবিটা প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাণীনগর, নওগাঁকে অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |

**১২। যুব উন্নয়ন বিভাগ:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা যুব উন্নয়ন অফিসার, রাণীনগর সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুসুঠুভাবে চলছে। নিজ বিভাগের কার্যক্রম পরিচালনায় কোন সমস্যা নাই। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম জোরগতিতে পরিচালনাসহ ঋণ আদয়ে তৎপরতা বৃদ্ধির জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, রাণীনগরকে অনুরোধ জানানো হলো। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রাণীনগর। |

**১৩। উপজেলা বন বিভাগ:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা বন কর্মকর্তা, রাণীনগর সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম বিষয়ে কিছু জানা গেল না। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ আগামী সভায় নিজ বিভাগের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য উপজেলা বন কর্মকর্তা, রাণীনগর, নওগাঁকে অনুরোধ জানানো হলো। | উপজেলা বন কর্মকর্তা, রাণীনগর |

**১৪। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাণীনগর সভায় জানান যে, চলতি অর্থ বছরে 'সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ' প্রকল্পের আওতায় এডিপি বরাদ্দ ২০৮ টি টিউবওয়েলের কাজ সমাপ্ত হয়েছে। তিনি আরও সভায় জানান যে, 'সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ' এর মাধ্যমে নিরাপদ পানি সরবরাহের ১৮টি বরাদ্দ পাওয়া গিয়াছে এবং মাননীয় সংসদ সদস্য মহোদয় ও উপজেলা ওয়াটশন কমিটি কর্তৃক সাইট সম্পন্ন হয়েছে। শীঘ্রই কাজ শুরু হবে বলে তিনি সভায় অভিমত ব্যক্ত করেন। | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের কার্যক্রম জোরগতিতে পরিচালনাসহ চলমান প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাণীনগকে অনুরোধ জানানো হলো। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিঃ |

**১৫। উপজেলা খাদ্য বিভাগ:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাণীনগর সভায় জানান যে তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। নিজ বিভাগের কার্যক্রম পরিচালনায় কোন সমস্যা নাই। | আগামী সভায় নিজ বিভাগের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাণীনগরকে অনুরোধ জানানো হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাণীনগর |

**১৬। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রাণীনগর সভায়জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। নিজ বিভাগের কার্যক্রম পরিচালনায় কোন সমস্যা নাই। | নিজ বিভাগের কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালনাসহ ঋণ আদায়ের হার বৃদ্ধির করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রাণীনগরকে অনুরোধ জানানো হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রাণীনগর |

**১৭। উপজেলা মহিলা বিষয়ক বিভাগ:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাণীনগর সভায় জানান যে, উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় রাণীনগর উপজেলায় ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশনে আবেদন গ্রহণপূর্বক যাচাই-বাছাই সম্পন্ন হয়েছে। তিনি সভায় জানান যে, দুইটি ট্রেডে ৫০(পঞ্চাশ) জন প্রশিক্ষনার্থী প্রশিক্ষণের সুযোগ পাবে। নিজ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। | বিভাগের কার্যক্রম আরও সুষ্ঠু ভাবে পরিচালনার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাণীনগরকে অনুরোধ জানানো হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাণীনগর |

**১৮। বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ):**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| সহকারী প্রকৌশলী, বিএমডিএ, রাণীনগর সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। নিজ বিভাগের কার্যক্রম পরিচালনায় কোন সমস্যা নাই। | বিভাগের কার্যক্রম জোরগতিতে পরিচালনার জন্য সহঃ প্রকৌশলী, বিএমডিএ, রাণীনগর, নওগাঁকে অনুরোধ জানানো হলো। | সহঃ প্রকৌশলী, বিএমডিএ, রাণীনগর |

**১৯। পল্লী বিদ্যুৎ বিভাগ:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ডিজিএম, নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি, রাণীনগর সভায় জানান যে তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। নিজ বিভাগের কার্যক্রম পরিচালনায় কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ আগামী সভায় নিজ বিভাগের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য ডিজিএম, নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি, রাণীনগর, নওগাঁকে অনুরোধ জানানো হলো। | ডিজিএম, নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি, রাণীনগর জোন |

চলমান পাতা নং-০৪

**২০। পল্লী সঞ্চয় ব্যাংক:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাণীনগর, সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। নিজ বিভাগের কার্যক্রম পরিচালনায় কোন সমস্যা নাই। | নিজ বিভাগের কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালনাসহ ঋণ আদায়ের হার বৃদ্ধির করার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাণীনগর কে অনুরোধ জানানো হলো। | উপজেলা সমন্বয়কারী, আবাআখা, রাণীনগর |

**২১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তাবায়নে |
|---|---|---|
| ইউডিএফ রাণীনগর, নওগাঁ সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় রাণীনগর উপজেলায় ২০২০-২১ অর্থবছরের জন্য সক্ষমতা উন্নয়ন খাতে ১০০০০০০/- টাকার নিম্নোক্ত উপ প্রকল্প প্রস্তাব করা হয়েছে:<br>১. বেকার যুবকদের আত্নকর্মসংস্থানের লক্ষ্যে জিপ, কার এবং মাইক্রোবাস ড্রাইভিং বিষয়ে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ<br>২. অসংক্রামক রোগ (ডায়বেটিস, হাইপার টেনশন ও হৃদরোগ) প্রতিরোধে সক্ষমতা বৃদ্ধির প্রশিক্ষন<br>৩. ই-মিউটেশন, অনলাইন ভূমি উন্নয়ন কর সংগ্রহ এবং ভূমি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষন।<br>৪. মাধ্যমিক পর্যায়ের শিক্ষকদের ডিজিটাল কনটেন্ট তৈরী ও পাঠদান বিষয়ক প্রশিক্ষণ।<br>৫. আধুনিক পদ্ধতিতে দেশিয় প্রজাতির ছোট মাছ চাষ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ।<br>৬. গ্রীস্মকালীন পিয়াজ উৎপাদন বিষয়ে কৃষকদের সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা উন্নয়ন খাতে<br>১. বেকার যুবকদের আত্নকর্মসংস্থানের লক্ষ্যে জিপ, কার এবং মাইক্রোবাস ড্রাইভিং বিষয়ে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ<br>২. অসংক্রামক রোগ (ডায়বেটিস, হাইপার টেনশন ও হৃদরোগ) প্রতিরোধে সক্ষমতা বৃদ্ধির প্রশিক্ষন<br>৩. ই-মিউটেশন, অনলাইন ভূমি উন্নয়ন কর সংগ্রহ এবং ভূমি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষন।<br>৪. মাধ্যমিক পর্যায়ের শিক্ষকদের ডিজিটাল কনটেন্ট তৈরী ও পাঠদান বিষয়ক প্রশিক্ষণ।<br>৫. আধুনিক পদ্ধতিতে দেশিয় প্রজাতির ছোট মাছ চাষ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ।<br>৬. গ্রীস্মকালীন পিয়াজ উৎপাদন বিষয়ে কৃষকদের সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ।<br>উপ প্রকল্প সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ বরাররে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ |

সভায় উপস্থিত অন্যান্য বিভাগীয় কর্মকর্তাগণ জানান যে, তাদের অফিসের সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সামাজিক দূরত্ব বজায় রেখে সীমিত পরিসরে অনুষ্ঠিত সভায় অংশগ্রহণের জন্য সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্ত ঘোষণা করেন।

২৯/৩/২০২২

মোঃ আব্দুর রউফ
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাণীনগর, নওগাঁ
ফোন নং ০২৫৮৮৮৮৫৬৬২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাণীনগর, নওগাঁ

স্মারকনং ৪৬.৪৩.৬৪৮৫.০০০.১০.০০১.২২-৩০২ তারিখ: ২৯/০৩/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ৫১,নওগাঁ-৬।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৫। জেলা প্রশাসক, নওগাঁ।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাণীনগর, নওগাঁ।
৭। ভাইস/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাণীনগর, নওগাঁ।
৮। সংরক্ষিত মহিলা সদস্য, ওয়ার্ড নং----- উপজেলা পরিষদ, রাণীনগর, নওগাঁ।

<u>অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-</u>

১। উপজেলা ----------------------------------------------------অফিসার, রাণীনগর, নওগাঁ।
২। চেয়ারম্যান, -----------------------------------------------ইউপি, রাণীনগর, নওগাঁ।

২৯/০৩/২০২২

(সুশান্ত কুমার মাহাতো)
উপজেলা নির্বাহী অফিসার
রাণীনগর, নওগাঁ
ফোন নং ০২৮৮৮৮৫৬০১

## পরিশিষ্ট-ক ও খ

২৯/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা

| ক্রঃনং | উপস্থিত সদস্যগণের নাম (জন প্রতিনিধি) | ক্র: নং | অনুপস্থিত সদস্যগণের নাম (জন প্রতিনিধি) |
|---|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | ০১ | চেয়ারম্যান একডালা ইউপি |
| ০২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | | |
| ০৩ | চেয়ারম্যান, রাণীনগর ইউপি | | |
| ০৪ | চেয়ারম্যান , কাশিমপুর ইউপি | | |
| ০৫ | চেয়ারম্যান, গোনা ইউপি | | |
| ০৬ | চেয়ারম্যান, পারইল ইউপি | | |
| ০৭ | চেয়ারম্যান, বড়গাছা ইউপি | | |
| ০৮ | চেয়ারম্যান,কালিগ্রাম ইউপি | | |
| ০৯ | চেয়ারম্যান, মিরাট ইউপি | | |
| | উপস্থিত সদস্যগণের নাম (প্রশাসনিক কর্মকর্তা) | ক্র: নং | অনুপস্থিত সদস্যগণের নাম (প্রশাসনিক কর্মকর্তা) |
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, রাণীনগর | ০১ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রাণীনগর |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | ০২ | উপজেলা পরিসংখ্যান অফিসার, রাণীনগর |
| ০৩ | উপজেলা কৃষি অফিসার, রাণীনগর | ০৩ | উপজেলা বন কর্মকর্তা, রাণীনগর |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, রাণীনগর | ০৪ | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, ইউজিডিপি |
| ০৫ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রাণীনগর | ০৫ | উপজেলা সহঃ প্রোগ্রামার, তথ্য ও যোগাঃ প্রযুক্তি অধিঃ |
| ০৬ | উপজেলা প্রকৌশলী, রাণীনগর, রাণীনগর | ০৬ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাণীনগর |
| ০৭ | উপজেলা শিক্ষা অফিসার, রাণীনগর | | |
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, রাণীনগর | | |
| ০৯ | উপজেলা সমাজসেবা অফিসার, রাণীনগর | | |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাণীনগর | | |
| ১১ | অফিসার ইনচার্জ, রাণীনগর থানা | | |
| ১২ | উপজেলা সমবায় অফিসার, রাণীনগর | | |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রাণীনগর | | |
| ১৪ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাণীনগর | | |
| ১৫ | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ, রাণীনগর | | |
| ১৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, রাণীনগর | | |
| ১৭ | উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ), রাণীনগর | | |
| ১৮ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রাণীনগর | | |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, রাণীনগর | | |
| ২০ | সহঃ প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, রাণীনগর | | |
| ২১ | ডিজিএম,পল্লী বিদ্যুৎ সমিতি, রাণীনগর আঞ্চলিক অ: | | |
| ২২ | তথ্য সেবা কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা, রাণীনগর | | |